# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৭৪০

২৭/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ পশমের কাপড় পরিধান প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي لُبْسِ الصُّوفِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّثَنَا خَلَفُ بْنُ خَلِيفَةَ، عَنْ حُمَيْدٍ الأَعْرَجِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ، عَنِ ابْنِ مَسْعُودٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " كَانَ عَلَى مُوسَى يَوْمَ كَلَّمَهُ رَبُّهُ كِسَاءُ صُوفٍ وَجُبَّةُ صُوفٍ وَكُمَّةُ صُوفٍ وَسَرَاوِيلُ صُوفٍ وَكَانَتْ نَعْلاَهُ مِنْ جِلْدِ حِمَارٍ مَيِّتٍ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ حُمَيْدٍ الأَعْرَجِ . وَحُمَيْدٌ هُوَ ابْنُ عَلِيٍّ الْكُوفِيُّ . قَالَ سَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ حُمَيْدُ بْنُ عَلِيٍّ الأَعْرَجُ مُنْكَرُ الْحَدِيثِ وَحُمَيْدُ بْنُ قَيْسٍ الأَعْرَجُ الْمَكِّيُّ صَاحِبُ مُجَاهِدٍ ثِقَةٌ . وَالْكُمَّةُ الْقَلَنْسُوَةُ الصَّغِيرَةُ .

বাংলা

১৭৪০। আলী ইবনু হুজর (রহঃ) ... ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মূসা (আঃ) যেদিন তাঁর সঙ্গে কথা বলেছিলেন, সেদিন তাঁর পরিধানে ছিল একটি পশমের চাদর, পশমের জুব্বা, পশমের টুপি, পশমের পায়জামা। আর তাঁর চপ্পল দুটি ছিল মৃত গাধার চামড়ার।

খুবই দুর্বল, যঈফাহ ৪০৮২, তিরমিজী হাদিস নম্বরঃ ১৭৩৪ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি গারীব। হুমায়দ আ'রাজ-এর সূত্র ছাড়া এটি সম্পর্কে আমরা কিছু অবহিত নই। হুমায়দ হলেন ইবনু আলী আল-কুফী। মুহাম্মদ বুখারী (রহঃ)-কে বলতে শুনেছি যে, হুমায়দ ইবনু আলী আ'রাজ মুনকারুল হাদীস বা মুনকার (ছিকা রাবীদের বিপরীত) হাদীস বর্ণনা করে থাকেন। হুমায়দ ইবনু কায়স আ'রাজ মাক্কী (রহঃ) হলেন মুজাহিদ (রহঃ)-এর শাগরিদ। তিনি নির্ভরযোগ্য (ছিকা)।الْكُمَّةُ অর্থ ছোট টুপি।

## English

Narrated Ibn Mas'ud:

That the Prophet (ﷺ) said: "On the day of His Lord spoke to him, Musa was wearing a wool Kisa', a wool Jubbah, a wool Kummah, wool pants, and his sandals were made of the skin of a dead donkey."

[Abu 'Eisa said:] This Hadith is Gharib, we do not know of it except from the the narration of Humaid Al-A'raj. And Humaid - Ibn 'Ali Al-A'raj - I Heard Muhammad saying: "Humaid bin 'Ali Al-A'raj is Munkar in Hadith." While Humaid ibn Qais Al-A'raj Al-Makki, the companion of Mujahid is trustworthy. The Kummah is a small cap.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22249

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন